

## বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ # ৭/৭ এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজ্ঞপ্তি নং- বিজিএ/মেম্বারশীপ/২০২৩/২২৬

২৫ সেপ্টেম্বর ২০২৩


### সকল সম্মানিত সদস্যদের জন্য

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, পোশাক শিল্পের পাশাপাশি বায়িং হাউজ/লিয়াজন অফিস সমূহ দেশের রপ্তানীর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশের রপ্তানির সিংহ ভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হয় পোশাক শিল্প খাত থেকে। বিজিএমইএ ২০০২ সাল থেকে বায়িং হাউজ/লিয়াজন অফিস সমূহের নিবন্ধন দিয়ে আসছে। বর্তমানে বিজিএমইএ'র নিবন্ধিত বায়িং হাউজের সংখ্যা ১৬৪০। বিশ্বের নামী-দামী বায়ার যেমন- ওয়াল- মার্ট, লি এন্ড ফাং, এইচএনএম ইত্যাদির মতো বিশ্ব বিখ্যাত ব্র্যান্ডগুলো বিজিএমইএ'র সহযোগী সদস্য।

এখানে উল্লেখ্য যে, পোশাক শিল্প এবং বায়িং হাউজ/লিয়াজন অফিস একে অপরের পরিপূরক। সুতরাং গার্মেন্টস এবং বায়িং হাউজ একই সংগঠনের সদস্য হলে তাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা সহজ, সাশ্রয়ী হবে এবং কালক্ষেপনও কম হবে। এছাড়াও, ব্যবসায়িক সংক্রান্ত কোনো সমস্যার সম্মুখীন হলে বিজিএমইএ'তে আরবিট্রেশনের মাধ্যমে দ্রুত সমস্যার সমাধান করা সম্ভব হবে।

অতএব, অনিবন্ধিত বায়িং হাউজসমূহকে ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিজিএমইএ থেকে নিবন্ধন নিয়ে যাবতীয় সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান

মহাসচিব